

131632 - যে নারী অজ্ঞতাবশতঃ এশার নামায মাগরিবের ওয়াক্তে আদায় করেছে

প্রশ্ন

মাগরিবের আযান হল। জনৈক নারী ভাবল যে, এটি এশার আযান। এই নিয়তের ভিত্তিতে সে নারী চার রাকাত নামায আদায় করল। এরপর সে যখন পরিবারের অন্য সদস্যদের সাথে বসে ছিল এশার আযান হল। সে নারী এতে তার আপত্তি প্রকাশ করল। তখন অন্যরা তাকে জানাল যে, এশার আযান কেবল এখনই দিয়েছে। আমি কি মাগরিবের নামায পুনরায় আদায় করব; নাকি নয়?

প্রিয় উত্তর

যদি এ নারী মাগরিবের নামায না পড়ে থাকেন এবং মাগরিবের নামায পড়ার আগেই মাগরিবের আযানকে এশার আযান ভেবে এশার নামায পড়েন এবং মাগরিবের কথা ভুলে যান তাহলে তিনি পুনরায় নামায আদায় করবেন: মাগরিবের পড়বেন, তারপর পুনরায় এশার নামায পড়বেন। কেননা তিনি এশার নামায ওয়াক্ত হওয়ার আগেই পড়েছেন, মাগরিবের ওয়াক্তে এশার নামায আদায় করেছেন। আর যদি তিনি সূর্য ডোবার পর মাগরিবের নামায পড়ে থাকেন তাহলে মাগরিবের নামায হিসেবে সেটাই যথেষ্ট। কিন্তু এশার নামায পুনরায় আদায় করবেন। কেননা তিনি এশার নামায ওয়াক্ত হওয়ার আগেই আদায় করেছেন।

ওয়াক্ত হওয়ার আগে নামায আদায় করা সহিত নয়। কিন্তু যদি মাগরিবের নামায না পড়ে থাকেন তাহলে অবশ্যই মাগরিবের নামায কায়া পালন করবেন; এরপর এশার নামায আদায় করবেন।[সমাপ্ত]